

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

ই-মেইলঃ b.university.pro@gmail.com

ওয়েব সাইটঃ bu.ac.bd; ফোনঃ ০১৭১১০০১৯০৫



Office of the Public Relations
University of Barisal

E-mail: b.university.pro@gmail.com

Web: bu.ac.bd; Mobile: 01711001905

প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে রিপোর্ট রাইটিং প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ আগস্ট ২০২২ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের গবেষণা সংগঠন 'রিসার্চ নেক্রাস বাংলাদেশ'র আয়োজনে রিপোর্ট রাইটিং প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। ২৪ আগস্ট ২০২২ তারিখ বিকাল ৩:৩০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমে নিজেদেরকে আরও বেশি করে সম্পৃক্ত হতে উৎসাহ প্রদান করেন। সমাজবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সৈয়দ আশিক-ই-ইলাহীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, শিক্ষকমন্ডলী, কুমুদিনী গ্রুপের হেড অব এইচআরসহ বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও প্রতিযোগীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে রিপোর্ট রাইটিং প্রতিযোগিতায় বিজয়ী ৩ জনকে পুরস্কৃত করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়